

# পাবিপ্রবিতে ২য় আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা শুরু শুক্রবার

পাবিপ্রবি প্রতিনিধি



পাবিপ্রবিতে বিতর্ক প্রতিযোগিতা উপলক্ষে বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক ভবন-২ এ সংবাদ সম্মেলন করা হয়। ছবি :  
কালের কষ্ট

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পাবিপ্রবি) ২য়

আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা আগামী শুক্র ও শনিবার

(৪ ও ৫ জুলাই) অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতাটির আয়োজন করছে

বিশ্ববিদ্যালয়ের বিতর্ক সংগঠন পাস্ট ডিবেটিং সোসাইটি।

বুধবার (২ জুলাই) দুপুর দেড়টার দিকে বিশ্ববিদ্যালয়ের

অ্যাকাডেমিক ভবন-২ এ সংবাদ সম্মেলনের আয়োজন করে

সংগঠনটি। এতে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনটির সভাপতি

এইচএম হৃদয় আলম উল্লাস এবং সাধারণ সম্পাদক শাহরিয়ার

রহমান নিলয়।

লিখিত বক্তব্যে এইচ এম হৃদয় আলম উল্লাস বলেন, ‘পাবিপ্রবির

পাস্ট ডিবেটিং সোসাইটি আগামী শুক্র ও শনিবার ২য়

আন্তঃবিশ্ববিদ্যালয় জাতীয় বিতর্ক প্রতিযোগিতা ২০২৫ এর আয়োজন করতে যাচ্ছে। এই প্রতিযোগিতায় দেশের ৩২টি দল বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করবেন। এখানে মূল বিচারক থাকবেন ২৩ জন, প্যানেল বিচারক থাকবেন ১৫ জন।’

সাধারণ সম্পাদক শাহরিয়ার রহমান নিলয় বলেন, ‘পাস্ট ডিবেটিং সোসাইটির সদস্যদের অক্লান্ত পরিশ্রমে আমাদের আয়োজনটি সম্পূর্ণ হতে যাচ্ছে, এ জন্য তাদেরকে ধন্যবাদ।

বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষসহ শিক্ষকবৃন্দকে ধন্যবাদ জানাচ্ছি। উনাদের সার্বিক সহযোগিতায় আমরা এগিয়ে যাচ্ছি।’

প্রতিযোগিতার উদ্বোধনী দিনে ট্যাব রাউন্ড এবং কোয়ার্টার ফাইনালের বিতর্ক অনুষ্ঠিত হবে। ২য় দিনে বিশ্ববিদ্যালয়ের কনভেনশন সেন্টারে সেমিফাইনাল এবং ফাইনাল অনুষ্ঠিত হবে।

উদ্বোধনী এবং ফাইনাল দুই দিনেই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিশ্ববিদ্যালয় পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতা ছাড়াও স্কুল এবং কলেজের শিক্ষার্থীদের জন্য বিতর্ক কর্মশালা এবং কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।’

দুই দিনব্যাপী এই জাতীয় বিতর্ক প্রতিযোগিতার মিডিয়া পার্টনার হিসেবে আছে দৈনিক কালের কর্তৃ, যমুনা টিভি এবং পাবিপ্রবি প্রেস ক্লাব। ফটোগ্রাফি পার্টনার হিসেবে আছে বুমেরাং স্টুডিও।

প্রতিযোগিতার পৃষ্ঠপোষক হিসেবে আছে লতিফ গ্রহণ এবং প্রটেক্টর

উডেন ডোর।